# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 19-10-2025** **Time: 7.35 A.M**

বিশেষ বিশেষ খবরঃ-

১) পশ্চিমবঙ্গে অনুপ্রবেশের সমস্যার সমাধানে, সরকার পরিবর্তনের ডাক দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্।

২) গোর্খাদের নানাবিধ বিষয়ে নিয়ে আলোচনা চালাতে কেন্দ্রীয় সরকারের মধ্যস্থতাকারী নিয়োগের সিদ্ধান্তে আপত্তি জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, সাংবিধানিক আইন মেনেই এই পদক্ষেপ।

৩) উত্তরবঙ্গে সুখিয়া পোখরির কাছে মাসধুরায় দার্জিলিংয়ের বিজেপি সাংসদ রাজু বিস্তার কনভয়ে হামলার অভিযোগ।

৪) বাংলাদেশের জলসীমা অতিক্রমের অভিযোগে ১৪ জন ভারতীয় মৎস্যজীবীকে আটক করেছে সেদেশের নৌবাহিনী।

৫) আজ ভূত চতুর্দশী। গৃহস্থ বাড়িতে আজ সন্ধ্যায় চোদ্দটি মাটির প্রদীপ জ্বালিয়ে পূর্ব পুরুষের উদ্দেশে শ্রদ্ধা জানানোর রীতি রয়েছে।

৬) ২২ বছর পর মোহনবাগান সুপার জায়ান্ট, ইস্টবেঙ্গলকে হারিয়ে আইএফএ শিল্ড ফুটবলে চ্যাম্পিয়ান হয়েছে।

---

দেশে অনুপ্রবেশ ঠেকাতে কেন্দ্রীয় সরকার সবরকমের প্রয়াস চালাচ্ছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ মন্তব্য করেছেন। গতকাল একটি বেসরকারী টিভি চ্যানেলের অনুষ্ঠানে যোগ দিয়ে শ্রী শাহ্ বলেন, পশ্চিমবঙ্গ এবং ঝাড়খন্ডে ভোট ব্যাঙ্কের জন্য বাংলাদেশী অনুপ্রবেশকারীদের স্বাগত জানানো হচ্ছে। পাশাপাশি ওই দুই রাজ্যে ভূ-প্রকৃতিগত কারণেও কাঁটা তারের বেড়া দেওয়া কিংবা ২৪ ঘণ্টা নজরদারি সম্ভব হয় না। এমন পরিস্থিতির সুযোগ নিয়ে, অনুপ্রবেশকারীরা ভারতে ঢুকে পড়ছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, তাদের সনাক্ত করার দায়িত্ব যে প্রশাসনের কাঁধে রয়েছে, তারা সেই দায়িত্ব সঠিকভাবে পালন করছেন না।

এছাড়াও অনেক ক্ষেত্রেই অনুপ্রবেশকারীদের ভূয়ো নথিপত্র তৈরি করে দেওয়ার কাজও রাজ্যগুলির শাসকদল করছে বলে অভিযোগ করেছেন শ্রী শাহ্। গুজরাট, রাজস্থান, অসমের মতো রাজ্যগুলিতে বিজেপি সরকার থাকার কারণে সেখানে অনুপ্রবেশ হয় না বলে মন্তব্য করেন তিনি।

পশ্চিমবঙ্গে অনুপ্রবেশ রোধে জনসাধারণের কাছে তৃণমূল কংগ্রেস সরকার পরিবর্তনের আর্জি জানিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।

এদিকে, ভোটার তালিকায় স্বচ্ছতা এবং বিশ্বাসযোগ্যতা বজায় রাখতে এসআইআর একান্তভাবে প্রয়োজন বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মত প্রকাশ করেছেন। তিনি বলেছেন, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী কর্মসূচী এসআইআর না হেল নির্বাচনও সম্ভব নয়।

অন্যদিকে বিহারের মত এরাজ্যেও সঠিকভাবে এসআইআর রূপায়িত হলে তৃণমূল কংগ্রেসের ক্ষমতাচ্যুত হওয়া, সময়ের অপেক্ষা বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। দক্ষিণ দমদমে দলীয় এক অনুষ্ঠানে অংশ নিয়ে শ্রী মজুমদার বলেন, নাগরিকত্ব প্রদানের ব্যাপারে বিজেপি আদর্শগত ভাবে অঙ্গীকারবদ্ধ।

কংগ্রেস রাজ্যে এস আই আর নিয়ে ফের সর্বদলীয় বৈঠকের দাবি তুলেছে। গতকাল কলকাতায় প্রদেশ কংগ্রেস কার্যালয়ে এক সাংবাদিক বৈঠকে সর্ব ভারতীয় কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক গোলাম হামেদ মীর বলেন এস আই আর নিয়ে স্বীকৃত রাজনৈতিক দলগুলির মতামত গ্রহণের বিষয়টিও অত্যন্ত গুরুত্বপূর্ণ।

--------------------

গোর্খাদের নানাবিধ বিষয়ে নিয়ে আলোচনা এগিয়ে নিয়ে যেতে কেন্দ্রীয় সরকারের মধ্যস্থতাকারী নিয়োগের সিদ্ধান্তে আপত্তি জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে বিষয়টি নিয়ে চিঠি লিখেছেন তিনি। মুখ্যমন্ত্রীর অভিযোগ, এত গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্য সরকারের সঙ্গে কোনওরকম আলোচনা ছাড়াই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি লেখেন, এই বিষয়টি অত্যন্ত সংবেদনশীল। তাই একতরফা পদক্ষেপ নিলে পাহাড়ের শান্তি ও স্থিতিশীলতা নষ্ট হতে পারে। ২০১১ সালে রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার এবং গোর্খা জনমুক্তি মোর্চার মধ্যে ত্রিপাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হয়। তারপর থেকেই রাজ্য সরকারের অধীনে স্বশাসিত সংস্থা হিসাবে জিটিএ পাহাড়ের পরিকাঠামো উন্নয়ন, শিক্ষা সহ নানা ক্ষেত্রে কাজ করছে বলে চিঠিতে উল্লেখ করেছেন মুখ্যমন্ত্রী।

উল্লেখ্য, গোর্খাল্যান্ড সমস্যার সমাধানে মধ্যস্থতাকারী হিসাবে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক পূর্বতন সহকারী জাতীয় উপদেষ্টা তথা বিএসএফ-এর প্রাক্তন ডিআইজি পঙ্কজ কুমার সিং-কে নিযুক্ত করেছে।

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছে, সাংবিধানিক আইন মেনেই কেন্দ্র মধ্যস্থতাকারী নিয়োগ করেছে। পশ্চিম বর্ধমানের পান্ডবেশ্বরে গতকাল কালিপুজোর উদ্বোধনের পর সাংবাদিকদের মুখোমুখি হয়েছিলেন তিনি।

বাইট শুভেন্দু

--------------------

উত্তরবঙ্গে প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত এলাকা পরিদর্শনের পর ফেরার পথে সুখিয়া পোখরির কাছে মাসধুরায় দার্জিলিংয়ের বিজেপি সাংসদ রাজু বিস্তার কনভয়ে হামলার অভিযোগ উঠেছে দুষ্কৃতিদের বিরুদ্ধে। গতকাল রিম্ভিক এবং লোধামায় ধসে বিপর্যস্ত এলাকা পরিদর্শনে গিয়েছিলেন তিনি। সন্ধ্যায় অজ্ঞাতপরিচয় দুষ্কৃতীরা তাঁর গাড়ি লক্ষ্য করে ঢিল ছোঁড়ে বলে অভিযোগ। যদিও তা লক্ষ্যভ্রষ্ট হয়ে কনভয়ের অন্য একটি গাড়িতে গিয়ে লাগে। সামাজিক মাধ্যমে এক পোস্টে সাংসদ জানিয়েছেন, পাহাড়ের স্থায়ী রাজনৈতিক সমাধানে মধ্যস্থতাকারী নিয়োগ হওয়ার পরেই এই হামলা অত্যন্ত সন্দেহজনক। পাহাড়ে অশান্তি ছড়ানোর ষড়যন্ত্র চলছে বলে অভিযোগ করেন তিনি।
এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, রাজু বিস্তার ওপর হামলার ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি অভিযোগ করেন, শাসক দলের দুষ্কৃতীরা পরিকল্পিতভাবে এই হামলা চালিয়েছে।

উল্লেখ্য, এর আগে ৬ই অক্টোবর বন্যা ও ভূমিধ্বসে বিধ্বস্ত মানুষদের ত্রাণ বিলি করতে গিয়ে জলপাইগুড়ির নাগরাকাটায় আক্রান্ত হন বিজেপি সাংসদ খগেন মুর্মু এবং বিধায়ক শঙ্কর ঘোষ। বাঁ চোখের নীচে গুরুতর আঘাত নিয়ে এখনও হাসপাতালে ভর্তি খগেন মুর্মু। গতকাল তাঁকে দেখতে হাসপাতালে যান বিজেপি সাংসদ সৌমিত্র খাঁ।

-------------------

বাংলাদেশের জলসীমা অতিক্রমের অভিযোগে ১৪ জন ভারতীয় মৎস্যজীবীকে আটক করেছে সেদেশের নৌবাহিনী। এফবি শুভযাত্রা নামে ঐ ট্রলারটি দক্ষিণ ২৪ পরগণার কুলতলির সানকিজাহান থেকে গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়ে সীমান্ত অতিক্রম করে। মোংলা বন্দরের অদূরে বঙ্গোপসাগরের ফেয়ারওয়ে বয়া এলাকার কাছে টহলরত নৌবাহিনীর জাহাজ-বানৌজা শহীদ আক্তার উদ্দিন, ট্রলারটিকে আটক করে। এরপর মোংলার দিগরাজ নৌঘাঁটিতে নিয়ে যাওয়া হয় মৎস্যজীবীদের। ট্রলারে থাকা ইলিশসহ প্রায় ১০ মণ মাছ রাতেই মোংলার ফেরিঘাটে নিলামে বিক্রি করা হয়েছে। আজ তাদের বাগেরহাট আদালতে তোলা হচ্ছে।

-------------------

বিদেশে কাজের সন্ধানে গিয়ে প্রতারণার শিকার হওয়া রাজ্যের ১১ জনকে দেশে ফিরিয়ে আনার ব্যাপারে রাজ্য সরকার বিদেশমন্ত্রকের সঙ্গে যোগাযোগ করেছে। এক অসাধু নিয়োগ সংস্থা কাজ পাইয়ে দেবে বলে তাঁদের ওমানে নিয়ে যায়। এর বিনিময়ে মোটা অঙ্কের টাকাও নেয় সংস্থাটি। কিন্তু সেখানে গিয়ে ওই ব্যক্তিরা কোন কাজ পাননি। অভিযোগ পেয়ে ওনামে ভারতীয় দূতাবাসে আপাতত তাদের জায়গা দেওয়া হয়েছে। দ্রুত তাদের দেশে ফিরিয়ে আনা হবে বলেও রাজ্য সরকার সূত্রে জানা গেছে।

-------------------

পণ্য পরিষেবা করের নতুন হারে কমেছে বেশকিছু ইলেকট্রনিক্স জিনিসের দাম। উৎসবের মরশুমে বেড়েছে কেনাকাটা। প্রাক্তন সেনা কর্মী বিশ্বনাথ মন্ডল জানালেন নতুন টিভি কিনতে গিয়ে তিনি অনেকটাই লাভবান হয়েছেন।

(বাইট-জিএসটি)

--------------------

আজ ভূত চতুর্দশী। যদিও পঞ্জিকা মতে ধন ত্রয়োদশী তিথি থাকছে বেলা পর্যন্ত। গৃহস্থ বাড়িতে আজ সন্ধ্যায় চোদ্দটি মাটির প্রদীপ জ্বালিয়ে পূর্ব পুরুষের উদ্দেশে শ্রদ্ধা জানানোর রীতি রয়েছে। ঋতু পরিবর্তনের সময় রোগ প্রতিরোধে আজ ভেষজ সমৃদ্ধ চোদ্দ শাক খাওয়ার চল রয়েছে বাংলার ঘরে ঘরে। আজ পয়লা কার্তিক। পিতৃ পুরুষের উদ্দেশে আকাশদীপ জ্বালানো শুরু হবে এদিন থেকে। আগামীকাল অমাবস্যা তিথিতে দেবী শ্যামার আরাধনার আয়োজন করা হচ্ছে।

এদিকে, কালীপুজো ও আলোর উৎসব দীপাবলী উপলক্ষ্যে রাজ্যজুড়ে শেষ মুহুর্তের প্রস্তুতি চলেছে। সুপ্রীম কোর্ট, কলকাতা হাইকোর্ট ও পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নির্দেশ মেনে নিষিদ্ধ শব্দবাজি যাতে কোনভাবেই পোড়ানো না হয়, রাজ্য সরকার সব জেলা প্রশাসনকে তা' সুনিশ্চিত করতে বলেছে। কালীপুজো ও দীপাবলিতে আগামীকাল রাত ৮ টা থেকে ১০টা এবং ২৮শে অক্টোবর ছটপুজোর দিন সন্ধ্যা ৬'টা থেকে রাত ৮টা পর্যন্ত শুধুমাত্র পরিবেশ বান্ধব সবুজ বাজি পোড়ানো যাবে বলে জানিয়েছে কলকাতা পুলিশ।

অন্যদিকে, উৎসবের প্রস্তুতিতে রাজ্যে যখন সাজ সাজ রব তখন আশঙ্কা বাড়াচ্ছে বায়ু দূষণের হার। বিশেষ করে জনবহুল কলকাতা মহানগরীতে বায়ু দূষণের হার ঊর্ধ্বমুখী।

(একটি প্রতিবেদন-ভিসি)

--------------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ শহীদ বিপ্লবী মাতঙ্গিনি হাজরার ১৫৬ তম জন্মদিন উপলক্ষে তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে। দেশকে পরাধীনতার হাত থেকে মুক্ত করতে স্বৈরাচারী ইংরেজের শাসনের বিরুদ্ধে স্বাধীনতা আন্দোলনে ঝাঁপিয়ে পড়েন গান্ধিবুড়ি মাতঙ্গিনী হাজরা। ভারত ছাড়ো ও আইন অমান্য আন্দোলন এবং লবণ সত্যাগ্রহে সক্রিয়ভাবে অংশ নেন তিনি। ১৯৪২ সালের ২৯ শে সেপ্টেম্বর তমলুক থানা দখল অভিযানে পুলিশের গুলিতে শহীদ হয়েছিলেন মাতঙ্গিনী হাজরা।

--------------------

মোহনবাগান সুপারজায়ান্ট ১২৫ তম আইএফএ শিল্ড ফুটবলের চ্যাম্পিয়ন হয়েছে। সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে গতকাল ফাইনালে টাইব্রেকারে মোহনবাগান ৫-৪ গোলে ইস্টবেঙ্গলকে হারিয়ে দেয়।

(একটি প্রতিবেদন-ভিসি)

--------------------

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি এবং পশ্চিমী ঝঞ্ঝার কারণে আজ উপকূলের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টির সম্ভাবনা। তবে, রাজ্যজুড়ে শুষ্ক আবহাওয়া থাকবে বলেই জানিয়েছেন আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায়। আজ সকালে শহরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৫ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা ১ দশমিক ৫ ডিগ্রি বেশি।

-------------------- --------------------